গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
ঝিনাইদহ
www.deo.jhenaidah.gov.bd

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, স্কুল এন্ড কলেজ, উচ্চ মাধ্যমিক কলেজ ও ডিগ্রি কলেজের উচ্চ মাধ্যমিক স্তর) এর টিউশন ফি নীতিমালা-২০২৪ বাস্তবায়নের লক্ষ্যে জেলা কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ আব্দুল্লাহ আল মাসউদ, জেলা প্রশাসক, ঝিনাইদহ
সভার স্থান : জেলা প্রশাসক, ঝিনাইদহের সম্মেলন কক্ষ
সভার তারিখ : ১০-১২-২০২৫খ্রি.
সময় : বেলা ০২.০০ টা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা। পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শিক্ষা প্রতিষ্ঠানে আর্থিক স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের প্রয়োজনীয়তার বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক ২৭.১০.২০২৪ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭২.২২.০০৩.২৩.২২৪ নং স্মারকে জারিকৃত পরিপত্রে উল্লিখিত টিউশন ফি নীতিমালা সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। অত:পর উপস্থিত সদস্য ও সাংবাদিকদের মতামতের ভিত্তিতে পার্শ্ববর্তী জেলার সাথে সমন্বয়পূর্বক নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | | | | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| ১. শিক্ষা প্রতিষ্ঠানে টিউশন ফি নির্ধারণ: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, স্কুল এন্ড কলেজ, উচ্চ মাধ্যমিক কলেজ ও ডিগ্রি কলেজের উচ্চ মাধ্যমিক স্তর) এর জেলা এবং উপজেলার পৌরসভাধীন ও মফস্বল এলাকার জন্য এমপিওভুক্ত ও এমপিওবিহীন শিক্ষা প্রতিষ্ঠানের টিউশন ফি নির্ধারণের লক্ষ্যে সভায় সংশ্লিষ্ট সকল সদস্য কর্তৃক বিস্তারিত আলোচনা করা হয়। | পর্যায় | শ্রেণি | ঝিনাইদহ সদর উপজেলা ও অন্যান্য উপজেলার পৌর এলাকা (শিক্ষার্থী প্রতি টাকা) | ঝিনাইদহ সদর উপজেলা ও অন্যান্য উপজেলার পৌর এলাকা ব্যতিত (শিক্ষার্থী প্রতি টাকা) | সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান |
| | মাধ্যমিক স্কুল (এমপিও) | ৬ষ্ঠ-৮ম | ৪০ টাকা | ৩০ টাকা | |
| | | ৯ম-১০ম | ৫০ টাকা | ৪০ টাকা | |
| | কলেজ পর্যায় (এমপিও) | ১১শ-১২শ | ১০০ টাকা | ৮০ টাকা | |

২. বিবিধ সিদ্ধান্ত:

(ক) যেসকল প্রতিষ্ঠান পৃথক পৃথক খাতভিত্তিক হিসাব খুলবেন শুধু সেসকল প্রতিষ্ঠান বর্ধিত হারে টিউশন ফি/মাসিক বেতন গ্রহণ করতে পারবেন।

(খ) দরিদ্র, অসহায় ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষার সুযোগ সৃষ্টির লক্ষ্যে প্রযোজ্য ক্ষেত্রে ফুল ফ্রি/হাফ ফ্রি এর ব্যবস্থা করতে হবে এবং তাদের তালিকা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের মাধ্যমে জেলা শিক্ষা অফিসে প্রেরণের ব্যবস্থা করতে হবে।

(গ) কোন প্রতিষ্ঠান চাইলেও নির্ধারিত টিউশন ফি এর চেয়ে অতিরিক্ত টিউশন ফি আদায় করতে পারবে না তবে কোন প্রতিষ্ঠান চাইলে নির্ধারিত টিউশন ফি এর চেয়েও কম নিতে পারবে।

(ঘ) অন্যান্য ফি টিউশন ফি নীতিমালা ২০২৪ পরিপত্র মোতাবেক নিতে হবে।

(ঙ) সকল আদায় ও ব্যয় ব্যাংক হিসাবের মাধ্যমে সম্পন্ন করতে হবে।

(চ) হিসাব সংরক্ষণের সাধারন নীতিমালা ও পদ্ধতি অনুসরণপূর্বক পৃথক পৃথক খাতভিত্তিক হিসাব রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।

(ছ) মাসিক বেতন/টিউশন ফি এবং তফসিলে বর্নিত খাতে আদায়কৃত অর্থ তফসিলি ব্যাংকে নির্দিষ্ট হিসাবে রাখতে হবে। কোন একক খাতে বাৎসরিক আদায় ১০,০০,০০০/-(দশ) লক্ষ টাকার অধিক হলে উক্ত খাতের জন্য আলাদা ব্যাংক হিসাব খুলতে হবে।

(জ) আদায়কৃত অর্থ আবশ্যিকভাবে খাতভিত্তিক ব্যয় করতে হবে এবং এক খাতের অর্থ অন্য খাতে ব্যয় করা যাবে না।
(ঝ) প্রতি পঞ্জিকা বর্ষে দুই বার (জুন ও ডিসেম্বর) ক্যাশ বহি ও ব্যাংক বিবরণি সমন্বয় (Reconciliation) করতে হবে।
(ঞ) সকল প্রকার হিসাবের সফটকপি ও হার্ডকপি নূন্যতম ২০ (বিশ) বছর সংরক্ষণ করতে হবে এবং দায়িত্ব হস্তান্তরকালে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক দায়িত্ব গ্রহণকারী শিক্ষককে লিখিতভাবে বুঝিয়ে দিতে হবে।
(ট) শিক্ষার্থী কর্তৃক প্রদত্ত সকল প্রকার ফি, নিজস্ব সম্পদ থেকে আয়, দান, অনুদান ইত্যাদি নির্ধারিত ব্যাংক হিসাব/মোবাইল ব্যাংকিং ব্যবস্থাপনার মাধ্যমে গ্রহণ করতে হবে। নগদ অর্থ আদায় করা যাবে না। তবে বিশেষক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান নগদ অর্থ গ্রহণ করতে পারবে এবং সেই ক্ষেত্রে আদায়কৃত অর্থ পরবর্তী ২ (দুই) কর্মদিবসের মধ্যে ব্যাংক হিসাবে জমা দিতে হবে।
(ঠ) নির্ধারিত বেতন/টিউশন ফি সংক্রান্ত তথ্য আবশ্যিকভাবে শিক্ষা প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে প্রদর্শন করতে হবে এবং তা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের মাধ্যমে জেলা শিক্ষা অফিসে প্রেরণের ব্যবস্থা করতে হবে।
(ড) নির্ধারিত মাসিক বেতন/টিউশন ফি আদায়ের বিষয় জেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মনিটর করবেন এবং সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডকে অবহিত করবে।
(ঢ) অর্থ আদায় ও অর্থ ব্যয় নিরীক্ষাযোগ্য বলে গণ্য হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় শিক্ষার গুণগত মান উন্নয়নকল্পে শিক্ষা প্রতিষ্ঠান নিয়মিত পরিদর্শন এবং প্রতিষ্ঠানের আয় ব্যয়ের স্বচ্ছতা আনয়নকল্পে সংশ্লিষ্ট সকলকে সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১১/১২/২০২৫

মোঃ আব্দুল্লাহ আল মাসউদ
জেলা প্রশাসক
ঝিনাইদহ
ফোন-০৪৫১-৬২৩০১
e-mail: dcjhenaidah@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.৪৪০০.০২০.০১.০০৪.২৫-১৫৫২

তারিখঃ ১১/১২/২০২৫খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৪। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
৬। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঝিনাইদহ।
৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), ঝিনাইদহ।
৯। অধ্যক্ষ/প্রধান শিক্ষক.......................................................ঝিনাইদহ।
১০। গোপনীয় সহকারী, জেলা প্রশাসক, ঝিনাইদহ (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। সংরক্ষন নথি।

১১/১২/২৫

মোঃ লুৎফর রহমান
জেলা শিক্ষা অফিসার
ঝিনাইদহ
ফোন নং- +৮৮০২৪৭৭৭৪৭৪১২